

কিন্ডারগার্টেনে ভর্তিতে স্বাগতম!

এই বছর, যেসব ছেলেমেয়ে 2020 সালে জন্মগ্রহণ করেছে তারা 2025-2026 শিক্ষা বছরের জন্য কিন্ডারগার্টেনে ভর্তিতে আবেদনের যোগ্য। এই প্রক্রিয়ায় আপনাকে সহায়তা দিতে এলিমেন্টারি স্কুল অ্যাডমিশনস্ টিম লভ্য আছে।

এখানে কিছু গুরুত্বপূর্ণ তারিখ দেয়া হলো যা এই প্রক্রিয়ার সময় আপনার জানা থাকা দরকার:

- মঙ্গলবার, 10 ডিসেম্বর, 2024: কিন্ডারগার্টেনে ভর্তির আবেদন শুরু
- শুক্রবার, 24 জানুয়ারি, 2025: কিন্ডারগার্টেনে ভর্তির আবেদনের শেষ দিন
- বুধবার, 2 এপ্রিল, 2025: কিন্ডারগার্টেনে ভর্তির অফার প্রকাশ

এই তারিখগুলো পরিবর্তিত হতে পারে। যেকোনো পরিবর্তন ঘোষণা দেয়া এবং পরিবারদের জানানো হবে।

যদিও আবেদন করা এখনও শুরু হয়নি, শুরু করার জন্য আপনি এখনই করতে পারেন এমন কিছু বিষয় এখানে দেয়া হলো:

1. [MySchools.nyc](https://www.myschools.nyc.gov)-এ আপনার মাইস্কুলস্ অ্যাকাউন্ট তৈরি করুন। কোনো কোড বা ID প্রয়োজন নেই, শুধু আপনার ইমেইল ঠিকানা লাগবে। আপনার যদি ইতোমধ্যে একটি মাইস্কুলস্ অ্যাকাউন্ট থাকে, তবে লগ ইন করে আপনার সন্তানের প্রোফাইলের তথ্য পর্যালোচনা করা নিশ্চিত করুন। আপনি যদি আপনার ড্যাশবোর্ডে আপনার সন্তানকে না খুঁজে পান, তবে অনুগ্রহ করে “Add a child” (একটি সন্তান যোগ করুন) ক্লিক করে একটি নতুন প্রোফাইল তৈরি করুন।
2. স্কুল এবং প্রোগ্রামসমূহ খোঁজা শুরু করতে [মাইস্কুলস্ ডিরেক্টরি](#) ব্যবহার করুন।
3. বিভিন্ন স্কুল পরিদর্শন করুন! স্কুলগুলি ভার্চুয়ালভাবে নাকি সশরীরে অংশগ্রহণের অনুষ্ঠানের আয়োজন করবে, তা জানতে আমাদের [মাইস্কুলস্ ইভেন্টস্ পেজ](#) দেখুন অথবা স্কুলের সাথে সরাসরি যোগাযোগ করুন। আপনি আরও জানতে স্কুলগুলির ওয়েবসাইটও দেখতে পারেন, প্রতিটি স্কুলের ওয়েবসাইট সেটার মাইস্কুলস্ পেজ-এ তালিকাভুক্ত থাকবে। স্কুলগুলোতে পড়াশোনা করতে কেমন লাগবে তা কল্পনা করার একটি উত্তম পন্থা হচ্ছে অনলাইনে কিংবা সশরীরে পরিদর্শন করা।

ইংরেজি ভাষা শিক্ষার্থী, প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থী, এবং অস্থায়ী আবাসনের শিক্ষার্থীসহ যেসব NYC পরিবারের 2020 সালে জন্মগ্রহণকারী সন্তান আছে তাদেরকে আবেদন করতে উৎসাহিত করা হচ্ছে।

আবেদনপত্র জমা দিলে আপনার অন্য কোনো নন-DOE প্রোগ্রামে যেমন চার্টার অথবা প্যারোকিয়াল (ধর্মীয়) স্কুলে আবেদনের উপর কোনো প্রভাব ফেলবে না। প্রতিটি শিক্ষার্থীর জন্য NYC-এর কোনো একটি পাবলিক স্কুলের কিন্ডারগার্টেনে একটি নিশ্চিত আসন রয়েছে।

আরও জানতে আগ্রহী? আমাদের [কিন্ডারগার্টেনে ভর্তি বা অ্যাডমিশন ওয়েবসাইট](#) দেখুন এবং আমাদের তালিকাবদ্ধ বেশ কিছু মাইস্কুলস্ টিউটোরিয়াল রয়েছে এমন ভিডিও দেখুন। এখনও প্রশ্ন আছে? আমাদেরকে 718-935-2009 নম্বরে ফোন করুন অথবা আপনার স্থানীয় [ফ্যামিলি ওয়েলকাম সেন্টার](#) পরিদর্শন করুন।

শুভেচ্ছান্তে,

এলিমেন্টারি অ্যাডমিশনস্ টিম

এই ইমেইলটি কি আপনার কোনো বন্ধু আপনাকে প্রেরণ (ফরওয়ার্ড) করেছেন? schools.nyc.gov/SignUp-এ আমাদের কিডারগার্টেনে ভর্তি সংক্রান্ত ইমেইল তালিকায় নাম লেখাতে (সাইন আপ করতে) ভুলবেন না।

আপনি যদি আমাদের কোনো একটি বা সকল মেইলিং লিস্ট থেকে কোনো ইমেইল পেতে আর না চান, তবে অনুগ্রহ করে আনসাবসক্রাইব করতে [এখানে](#) ক্লিক করুন।